প্রকৃতি কন্যা সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
এনজিও বিষয়ক শাখা
www.sylhet.gov.bd

## নভেম্বর, ২০১৮ মাসের এনজিও বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি : এম. কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সভার তারিখ : ২৮ নভেম্বর, ২০১৮
সভার সময় : বিকাল ৩:০০ টা
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
উপস্থিতির বিবরণী: পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে জনাব মুহাম্মদ হেলাল চৌধুরী, সহকারী কমিশনার, এনজিও বিষয়ক শাখা বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণীতে কোনরূপ পরিবর্তন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর এনজিও ভিত্তিক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | জনাব মো. আজিজুর রহমান, সহকারী হিসাব কর্মকর্তা, মেরী স্টোপস বাংলাদেশ জানান, মেরী স্টোপস বাংলাদেশ সিলেট ক্লিনিক গত মাসে ৫৮ জন মহিলা ও ৪ জন পুরুষকে পরিবার পরিকল্পনার স্থায়ী পদ্ধতি সেবা, ১২৪টি মিজারিয়ান, ৪১ জনকে আই ইউডি, ৮২ জনকে ডিপো, ১৭ জনকে নিরাপদ ডেলিভারীসহ ২২৬ জনকে পিল এবং ২০ জনকে কনডম প্রদান করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | মেরী স্টোপস বাংলাদেশ |
| ২ | জনাব নোংপকলৈ সিনহা, সমন্বয়কারি, একডো, সিলেট জানান, বিগত নভেম্বর মাসে এমসি'র ২টি সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও Hei Uerder এর দুজন প্রতিনিধি অক্টোবর মাসে প্রকল্প এলাকা পরিদর্শন করেন। কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে মর্মে তিনি সভাকে জানান। | কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | একডো |
| ৩ | জনাব ফিলিপ সমদ্দার, সহকারী ইউনিট ম্যানেজার, আরএইচস্টেপ-আলোর ধারা বলেন, কর্মএলাকায় খানা পরিদর্শন ৪৬টি, জেলা ও উপজেলা শিক্ষা কর্মকর্তাদের সাথে মত বিনিময় সভা ১টি, কেন্দ্রে কিশোর কিশোরীদের আগমণ ১৯১জন, নতুন কিশোর কিশোরী ভর্তি ২জন। এছাড়াও কেন্দ্রে পরামর্শ সেবা প্রদান করা হয় ৫ জনকে ও লাইব্রেরীতে বই পড়তে কিশোর কিশোরীদের আগমন ১৫ জন। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | আরএইচস্টেপ-আলোর ধারা |
| ৪ | জনাব অ্যাড. শাহ সাহেদা, বিভাগীয় সমন্বয়কারী, বেলা জানান, গত অক্টোবর, ২০১৮ মাসে বিশ্বানাথ উপজেলার সিরাজপুর কাজী বাড়ী এলাকায় সিলেট সুনামগঞ্জ মহাসড়কের পাশে এবং সুরমা নদীর তীর সংলগ্ন একটি স্টোন ক্রাশার মেশিন পরিচালনার বিষয়টি পরিদর্শন করা হয়েছে এবং উক্ত বিষয়ে স্টোন ক্রাশার মেশিন উচ্ছেদের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট ও উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথকে Concern Letter প্রদান করা হলে স্টোন ক্রাশার মেশিন উচ্ছেদ করা হয় মর্মে তিনি সভাকে জানান। | কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | বেলা |
| ৫ | জনাব তামান্না আহমদ, প্রকল্প ব্যবস্থাপক, আইডিয়া বলেন, আইডিয়ার জীবিকা, কর্মজীবী শিশু শিক্ষা, AWRAIB সমষ্টি প্রকল্প চলমান আছে। তবে বর্তমান মাসে কর্মজীবী শিশু শিক্ষা প্রকল্পটি সমাপ্ত হবে । গত মাসে AWRAIB প্রকল্পের আওতায় ২টি সচেতনতামূলক সভা দক্ষিণ সুরমা ও সদর উপজেলায় অনুষ্ঠিত হয়েছে এবং জীবিকা প্রকল্প হতে ৬২টি ভিজিট কার্যক্রম পরচালিত হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | আইডিয়া |
| ৬ | জনাব মো: আব্দুর রহিম, সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী, TMSS বলেন, বিগত মাসে ২০০ জন প্রবীন ব্যক্তিকে ১,২০,০০০ টাকা, ২ জন অসহায় প্রবীনকে ৮০০০ টাকা প্রদান করা হয়েছে। এছাড়াও ২৬৩ জন অসহায় গরীব রোগিকে ফ্রি চিকিৎসা সেবা, ৭ জন মৃত ব্যক্তির সৎকারের জন্য ১৪০০০ টাকা প্রদান করা হয়েছে এবং ৫০টি সমৃদ্ধি শিক্ষা সহায়তা কেন্দ্রের মাধ্যমে ১৪১১ জন ছাত্রছাত্রীকে পাঠদান চলমান রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | TMSS |

| | | | |
|---|---|---|---|
| ৭ | জনাব মো. ফারুক আহমদ, প্রোগ্রাম ডিরেক্টোর, জেছিস, সিলেট জানান, গত মাসে বিএলটির কর্মসূচির আওতায় গোয়াইনঘাট উপজেলায় ৬১৫ শিক্ষক ও সুপারভাইজারের বুনিয়াদী প্রশিক্ষণ এবং ১৩ জন নিঃস্ব নারীকে সেলাই প্রশিক্ষণ প্রদান সমাপ্ত হয়েছে। এছাড়াও গোয়াইনঘাট উপজেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ৪১১৮৬ শিক্ষার্থীকে দুপুরের টিফিন হিসেবে পুষ্টি সমৃদ্ধ বিস্কুট প্রদান করা হয়েছে বলে তিনি সভাকে জানান। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | জেছিস |
| ৮ | জনাব মুহাম্মদ শফিউর রহমান, ইউসেপ বাংলাদেশ বলেন, বিগত মাসে ইউসেপ বাংলাদেশের উদ্যোগে আন্তর্জাতিক শিশুকন্যা দিবস উদযাপন করা হয় এবং কারিগরি শিক্ষার প্রচার ও প্রসারের জন্য বিভিন্ন এলাকায় মবিলাইজেশন হয়েছে। এছাড়াও ২টি স্কুলে শিশু পরিষদ সভা অনুষ্ঠিত হয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ইউসেপ বাংলাদেশ |
| ৯ | জনাব চয়ন চক্রবর্তী, জুনিয়র কর্মসূচি কর্মকর্তা, কারিতাস সিলেট অঞ্চল জানান, গত মাসে ৭৫০ জনকে শীতকালীন সবজির বীজ প্রদান করা হয়েছে। আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস এবং স্কুল পর্যায়ে ২টি ওয়াশ কর্মশালা বাস্তাবায়ন করা হয়েছে এবং ২টি মডেল ল্যাট্রিন তৈরী করা হচ্ছে। এছাড়াও প্রতিবন্ধী শিশুদের মধ্যে প্রতিবন্ধী সহায়ক উপকরণ যেমন: চেয়ার, জুতা, ওয়েজ এবং চশমা ইত্যাদি বিতরণ করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | কারিতাস সিলেট অঞ্চল |
| ১০ | জনাব শাহিন আকতার, সুপারভাইজার, হীড বাংলাদেশ, সিলেট জানান, গত মাসে সিলেটে যক্ষ্মা নির্ণয়ের জন্য ৩৭৭৭ জনের কাশি পরীক্ষা করা হয়েছে। যার মধ্যে ৪৬০ জন যক্ষ্মা রোগী এবং ১৮ জন শিশু যক্ষ্মা রোগী নির্ণীত হয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | হীড বাংলাদেশ |
| ১১ | জনাব মো: আজিম উদ্দিন, জেলা প্রতিনিধি, এফআইভিডিবি বলেন, গত মাসে এফআইভিডিবি এর আওতাধীন পিইপি কর্মসূচির সহায়তায় পরিচালিত ৭টি বিদ্যালয়ের ৫ম শ্রেণীর শিক্ষার্থীরা সমাপনী পরিক্ষায় অংশগ্রহণ করেছে। অতি দরিদ্র উপকারভোগীদের মধ্যে ২১৫১ জনকে হাঁস-মুরগি, ছাগল, ভেড়া, নৌকা, শাকসবজি চাষ, মাছ ব্যবসা, পাটি তৈরি, সবজি ব্যবসা, মাছ ধরার জাল, টেইলারিং ইত্যাদি কাজের উপকরণ সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়াও ১১৮টি স্যাটেলাইট ক্লিনিক পরিচালনা ও ২২৯২জন গর্ভবতী মাকে সেবা প্রদান করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | এফআইভিডিবি |
| ১২ | জনাব মারুফ আহমদ চৌধুরী, ক্লিনিক ম্যানেজার, দি গ্লেনকো ফাউন্ডেশন জানান, গত মাসে জন্মগত পাঁ বাঁকা তিন বছরের ১১ জন বাচ্চাদের নিয়ে কাজ করেছেন মর্মে জানিয়েছেন। | কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | দি গ্লেনকো ফাউন্ডেশন |
| ১৩ | জনাব মঞ্জু মারীয়া পালমা, এপিসি ম্যানেজার, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ বলেন, স্যানিটেশন মাস উপলক্ষে ১১৪০ জন মহিলা ও কিশারীদেরকে স্যানিটেশন মাসের প্রতিপাদ্য বিষয়ে সচেতন করা হয়েছে এবং সিলেট সদর উপজেলার হাটখোলা, কান্দিগাঁও ইউনিয়নে ৩৫ জন কমিউনিটি প্রোমোটর এবং সুপারভাইজার নিয়োগ এবং তাদের ৫ দিনের মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ |
| ১৪ | জনাব মো: বায়জিদ খান, ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক, গ্রীণ ডিসএ্যাবল্ড ফাউন্ডেশন বলেন, জিডিএফ-ডিকেফ দৃষ্টি প্রতিবন্ধী শিশু বিদ্যালয় যথাযথভাবে পরিচালিত হচ্ছে। এছাড়া গ্রীণ ডিসএ্যাবল্ড ফাউন্ডেশন এর তথ্য কেন্দ্র থেকে নিয়মিত প্রতিবন্ধী ব্যক্তিদের যথাযথভাবে তথ্য সেবা প্রদান করা হচ্ছে এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে মর্মে তিনি সভাকে জানান। | কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | গ্রীণ ডিসএ্যাবল্ড ফাউন্ডেশন |
| ১৫ | বিবিধ: ১। ১ ডিসেম্বর, ২০১৮ তারিখ সকাল ১০.০০ টায় বিজয় র‌্যালিতে অংশগ্রহণের নিমিত্তে স্ব স্ব ব্যানার নিয়ে জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট প্রাঙ্গনে উপস্থিত থাকার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>২। আগামী জুলাই মাসের সভায় “সিলেট যুব একাডেমী” ও “জৈন্তিয়া ছিন্নমূল সংস্থা” কর্তৃক তাদের সাম্প্রতিক কার্যক্রমের উপর প্রেজেন্টেশন করার বিষয়ে মত প্রকাশ করা হয়। | ১।বিজয় র‌্যালিতে স্ব স্ব ব্যানার নিয়ে অংশগ্রহণ করতে হবে।<br>২। আগামী সভায় “সিলেট যুব একাডেমী” ও “জৈন্তিয়া ছিন্নমূল সংস্থা” কর্তৃক তাদের কার্যক্রম পাওয়ার পয়েন্টে উপস্থাপন করবেন। | বেসরকারি সংস্থাসমূহ<br><br>সংশ্লিষ্ট এনজিও |

২। জনাব আবুল কালাম আজাদ, পরিচালক, রাইজ ফাউন্ডেশন, সিলেট বিগত ২৮ অক্টোবর তারিখে এফআইভিডিবি এর নির্বাহী পরিচালক জনাব যেহীন আহমদ ইন্তেকাল করায় তার বিদেহী আত্মার মাগফিরাতের জন্য একটি শোক প্রস্তাব করেন। শোক প্রস্তাবটি উপস্থিত সকল সদস্য সাদরে গ্রহণ করে তাঁর আত্মার শান্তি কামনার্থে এক মিনিট নিরবতা পালন করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এম. কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সিলেট
ফোন : ০৮২১-৭১৬১০০

স্মারক নম্বর- ০৫.৪৬.৯১০০.০২১.০৬.০০৭.১৮.৩৮৩(১২০)

তারিখ: ২৫ অগ্রহায়ন ১৪২৫ / ০৯ ডিসেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা
২) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৩) উপ-মহাব্যবস্থাপক, গৃহায়ণ তহবিল (ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট), বাংলাদেশ ব্যাংক, ১ম সংলগ্নী ভবন (৭ম তলা), ঢাকা-১০০০
৪) পুলিশ সুপার, সিলেট
৫) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৬) সিভিল সার্জন, সিলেট
৭) চেয়ারম্যান, উপজেলা পরিষদ,................................ (সকল), সিলেট
৮) উপজেলা নির্বাহী অফিসার........................................................ (সকল),
৯) সিলেট নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট
১০) উপপরিচালক ......................................................................., সিলেট
১১) জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, সিলেট
১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সিলেট
১৩) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সিলেট
১৪) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
১৫) চেয়ারম্যান, জেলা মহিলা সংস্থা, সিলেট
১৬) জনাব.............................................., .................................., সিলেট

সন্দীপ কুমার সিংহ
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
সিলেট
ফোন : ০৮২১-৭১৪১২০
Email: adcgsylhet@mopa.gov.bd

## উপস্থিতির বিবরণী: পরিশিষ্ট 'ক'

**উপস্থিতির তালিকা:**

১। জনাব এম. কাজী এমদাদুল ইসলাম, জেলা প্রশাসক, সিলেট। ২। জনাব সন্দ্বীপ কুমার সিংহ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ৩। জনাব হেলাল আহমদ চৌধুরী, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট ৪। জনাব শাহ শাহেদা আখতার, বেলা, সিলেট ৫। জনাব নোংপকলৈ সিনহা, একডো, সিলেট ৬। জনাব আবুল কালাম আযাদ, রাইজ ফাউন্ডেশন, সিলেট ৭। জনাব ফিলিপ সমদ্দার, আরএইচস্টেপ আলোর ধারা, সিলেট ৮। জনাব মো. আশফাকুন নূর, টিআইবি, সিলেট ৯। জনাব আব্দুল মান্নান, এসএসকেএস, সিলেট ১০। জনাব মাহমুদুর রহমান, বিএসএসডব্লিউ, সিলেট ১১। জনাব মো. আব্দুর রহিম, টিএমএসএস, সিলেট ১২। জনাব মো. আজিম উদ্দিন, এফআইভিডিবি, সিলেট ১৩। জনাব মো. আজিজুর রহমান, মেরী স্টোপস, সিলেট ১৪। জনাব নিবাস রঞ্জন দাশ, উপপরিচালক, সমাজসেবা, সিলেট ১৫। জনাব মো. শাহীন, সিএসআইডি, সিলেট ১৬। জনাব চয়ন চক্রবর্তী, কারিতাস সিলেট অঞ্চল ১৭। জনাব তামান্না আহমদ, আইডিয়া, সিলেট ১৮। জনাব মো. আবু নাসির বেপারী, এ্যাডলো, সিলেট ১৯। জনাব মো. ফারুক আহমদ, জৈন্তিয়া ছিন্নমূল সংস্থা, সিলেট ২০। জনাব কাজী আবুল কালাম আজাদ, এওয়ার্ড, সিলেট ২১। জনাব মো. সুজন মিয়া, এসডিএফ, সিলেট ২২। জনাব হুমায়ুন ইসলাম কামাল, সাস, সিলেট ২৩। জনাব মো. শাহিন আকতার, হীড বাংলাদেশ, সিলেট ২৪। জনাব মারুফ আহমদ চৌধুরী, দ্যা গ্ল্যানকো ফাউন্ডেশন, সিলেট ২৫। জনাব নিজাম উদ্দিন, সুইসকন্টাক্ট, সিলেট ২৬। জনাব মোহাম্মদ সাজিউর রহমান, ইউসেপ বাংলাদেশ, সিলেট ২৭। জনাব মো. বাবুল আখতার, এডাব, সিলেট ২৮। জনাব মো. জাসিম উদ্দিন, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, সিলেট।